**রেজিস্টার্ড নং ডি এ-১**

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, নভেম্বর ২২, ২০২২**

**[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৯ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ/১৪ নভেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নম্বর-৩৪৩-আইন/২০২২।**—ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ, কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস আইন, ২০১৮ (২০১৮ সনের ৭০ নং আইন) এর ধারা ৩৬ এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকারের পূর্বানুমোদনক্রমে, কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস প্রবিধানমালা, ২০১৯ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রবিধানমালার—

(১) সর্বত্র “তথ্য প্রযুক্তি বিষয়ক প্রশাসক” শব্দগুলির পরিবর্তে “তথ্য প্রযুক্তি বিষয়ক প্রশাসক বা প্রতিষ্ঠান” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(২) প্রবিধান ২ এর উপ-প্রবিধান (১) এর দফা (ঙ)-তে উল্লিখিত “ব্যক্তি” শব্দের পরিবর্তে “ব্যক্তি বা প্রতিষ্ঠান” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৩) প্রবিধান ৩ এর উপ-প্রবিধান (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-প্রবিধান (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(১) আইন এবং এই প্রবিধানমালার অধীন সদস্যগণের নিকট প্রেরিতব্য নোটিশ সদস্যগণের নিবন্ধিত ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে এবং ব্যক্তিগত ই-মেইল আইডিতে বা অন্য কোনো ডিজিটাল মাধ্যমে প্রেরণ করিতে হইবে।”;

(৪) প্রবিধান ৭ এর—

(ক) উপ-প্রবিধান (১) এ উল্লিখিত “নূতন” শব্দ বিলুপ্ত হইবে; এবং

(খ) উপ-প্রবিধান (৫) এ উল্লিখিত “পদ্ধতি” এবং “১ (এক) জন” শব্দগুলি, সংখ্যা এবং বন্ধনী বিলুপ্ত হইবে;



**মূল্য :** টাকা ৮.০০

(৫) প্রবিধান ১০ এর—

(ক) উপ-প্রবিধান (১) এ উল্লিখিত "নিম্নরূপ" শব্দের পর "প্রাথমিক" শব্দ সন্নিবেশিত হইবে;

(খ) উপ-প্রবিধান (২) এ উল্লিখিত "প্রকাশিত" শব্দের পর "প্রাথমিক" শব্দ সন্নিবেশিত হইবে;

(গ) উপ-প্রবিধান (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-প্রবিধান (৩) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৩) প্রাথমিক ভোটার তালিকা প্রকাশিত হইবার ৫ (পাঁচ) দিনের মধ্যে কোনো ভোটার তাহার ই-মেইল আইডি বা মোবাইল ফোন নম্বর বা উভয়ই পরিবর্তন করিবার জন্য কমিশনের চেয়ারম্যান বরাবর লিখিত আবেদন করিতে পারিবেন এবং ভোটারগণের এইরূপ আবেদন বিবেচনা করিয়া প্রাথমিক ভোটার তালিকা প্রকাশের ৭ (সাত) দিনের মধ্যে উহা সংশোধন করিয়া কমিশন চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করিবে।";

(ঘ) উপ-প্রবিধান (৩) এর পর নিম্নরূপ নূতন উপ-প্রবিধান (৪) সংযোজিত হইবে, যথা:—

"(৪) চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের পর কোনো ভোটারের ই-মেইল আইডি বা মোবাইল ফোন নম্বর পরিবর্তন করা যাইবে না।";

(৬) প্রবিধান ১৩ এ উল্লিখিত "এবং প্রধান" শব্দগুলির পরিবর্তে ", প্রধান কার্যালয়ে এবং শাখা" কমা এবং শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৭) প্রবিধান ১৮ এর উপ-প্রবিধান (৫) এ উল্লিখিত "অতিথিণের" শব্দের পরিবর্তে "অতিথিগণের" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(৮) প্রবিধান ২৩ এর পরিবর্তে নিম্নরূপ প্রবিধান ২৩ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"২৩। **তথ্য প্রযুক্তির মাধ্যমে ভোট প্রদান।**— (১) তথ্য প্রযুক্তির মাধ্যমে ভোট প্রদান পদ্ধতিতে ভোট গ্রহণের উদ্দেশ্যে কাউন্সিল যথোপযুক্ত অনলাইন ভোটিং মডিউল বা সফটওয়্যার বা প্ল্যাটফর্ম, অতঃপর ভোটিং মডিউল বলিয়া উল্লিখিত, তৈরির ব্যবস্থা গ্রহণ করিবে।

(২) কমিশন ভোটিং মডিউলের কার্যকারিতা, সঠিকতা, নিরাপত্তা, তথ্যের গোপনীয়তা, সক্ষমতা, ইত্যাদি বিষয়ে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা বিশ্ববিদ্যালয় অথবা মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি এর সংশ্লিষ্ট বিভাগের কারিগরি বিশেষজ্ঞ অথবা বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের কারিগরি বিশেষজ্ঞ অথবা বাংলাদেশের কোনো স্বনামধন্য উচ্চতর শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক সন্তোষজনক লিখিত প্রত্যয়ন প্রাপ্তির পর সন্তুষ্ট হইলে উহা ব্যবহার করিবার অনুমতি প্রদান করিবে।

(৩) নির্বাচনের তারিখ ঘোষিত হইবার দিন হইতে নির্বাচন অনুষ্ঠিত হইবার পরবর্তী ৭ (সাত) দিন সময় পর্যন্ত উক্ত ভোটিং মডিউল কমিশনের তত্ত্বাবধানে থাকিবে।

(৪) বাংলাদেশের বাহিরে অবস্থানরত ভোটারগণ অনলাইন ভোটিং পদ্ধতিতে ভোট প্রয়োগ করিবেন এবং এইক্ষেত্রে তাহাদেরকে তথ্য প্রযুক্তির মাধ্যমে ভোট প্রদান করিবার জন্য কোনো আবেদন করিতে হইবে না।

(৫) বাংলাদেশে অবস্থানরত ভোটারগণ অনলাইন ভোটিং পদ্ধতিতে ভোট প্রদান করিতে চাহিলে সংশ্লিষ্ট ভোটারকে ভোট শুরুর অন্যূন ৪৮ (আটচল্লিশ) ঘণ্টা পূর্বে তথ্য প্রযুক্তির মাধ্যমে ভোট প্রদানের জন্য কমিশন বরাবরে ভোটার তালিকায় উল্লিখিত তাহার ই-মেইল হইতে আবেদন করিতে হইবে।

(৬) কোনো ভোটারের পক্ষে অন্য কেহ তথ্য প্রযুক্তির মাধ্যমে ভোট প্রদানের জন্য আবেদন করিতে পারিবেন না।

(৭) ভোট প্রদানের সুবিধার্থে কমিশন ভোটের অন্যূন ২৪ (চব্বিশ) ঘণ্টা পূর্বে প্রবিধান ১০ অনুযায়ী প্রকাশিত চূড়ান্ত ভোটার তালিকাকে দুইভাগে বিভক্ত করিয়া তথ্য প্রযুক্তির মাধ্যমে ভোট প্রদান করিতে ইচ্ছুক ভোটারগণের জন্য একটি পৃথক ভোটার তালিকা এবং ব্যক্তিগত উপস্থিতির মাধ্যমে ভোট প্রদানে ইচ্ছুক ভোটারগণের জন্য একটি পৃথক তালিকা প্রস্তুত করিয়া উহা প্রকাশ করিবেন।

(৮) ভোট এবং এতদ্‌সংক্রান্ত সকল তথ্য ইনস্টিটিউটের কেন্দ্রীয় সার্ভারে পাসওয়ার্ড দ্বারা সুরক্ষিতভাবে সংরক্ষণ করা হইবে।

(৯) তথ্য প্রযুক্তির মাধ্যমে ভোট প্রদানে ইচ্ছুক ভোটার তাহার গোপনীয় ইউজার আইডি, পাসওয়ার্ড, ওয়ান টাইম পাসওয়ার্ড (ওটিপি) অথবা গোপনীয় কোড ব্যবহার করিয়া তথ্য প্রযুক্তির মাধ্যমে ভোট প্রদান করিবেন।

(১০) তথ্য প্রযুক্তির মাধ্যমে ভোট প্রদানের উদ্দেশ্যে ভোটার তালিকায় উল্লিখিত ই-মেইল আইডি ও মোবাইল ফোন নম্বর একজন ভোটারের বৈধ ই-মেইল আইডি ও মোবাইল ফোন নম্বর বলিয়া গণ্য হইবে।

(১১) তথ্য প্রযুক্তির মাধ্যমে ভোট প্রদান করিতে ইচ্ছুক দেশে অবস্থানরত ভোটারগণ এবং ব্যক্তিগত উপস্থিতির মাধ্যমে ভোট প্রদান করিতে ইচ্ছুক ভোটারগণ ভোটের দিন কমিশন কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যেই ভোট প্রদান করিবেন।

(১২) বিদেশে অবস্থানরত সকল ভোটারের জন্য কমিশন নির্বাচনের দিন ব্যক্তিগত উপস্থিতির মাধ্যমে ভোটদান শেষ হওয়ার ২৪ (চব্বিশ) ঘন্টা পূর্ব হইতে তথ্য প্রযুক্তির মাধ্যমে ভোট প্রদান করিবার উদ্দেশ্যে অনলাইন ভোটিং মডিউল উন্মুক্ত রাখিবেন এবং উক্ত ২৪ (চব্বিশ) ঘণ্টা সময়ের মধ্যে বিদেশে অবস্থানরত ভোটারগণ তথ্য প্রযুক্তির মাধ্যমে ভোট প্রদান করিবেন।

(১৩) কাউন্সিল নির্বাচনের ক্ষেত্রে কমিশনের চেয়ারম্যানের ব্যক্তিগত উপস্থিতিতে এবং ব্রাঞ্চ কাউন্সিল নির্বাচনের ক্ষেত্রে প্রিজাইডিং অফিসারের ব্যক্তিগত উপস্থিতিতে তথ্য প্রযুক্তি বিষয়ক প্রশাসক বা প্রতিষ্ঠান ভোট ও এতদ্‌সম্পর্কিত প্রাপ্ত তথ্যসমূহের বিবরণ পুনরুদ্ধার করিতে পারিবেন এবং যাহারা ভোট প্রদান করিয়াছেন তাহাদের তালিকা প্রদর্শন করিবার ব্যবস্থা করিবেন।

(১৪) তথ্য প্রযুক্তির মাধ্যমে ভোট প্রদান করিতে ইচ্ছুক ভোটার তালিকায় অন্তর্ভুক্ত ভোটারগণ ব্যক্তিগত উপস্থিতিতে ভোট প্রদান করিতে পারিবেন না।

(১৫) যদি কোনো ভোটার তথ্য প্রযুক্তির মাধ্যমে ভোট প্রদান করিবার ক্ষেত্রে অনুমোদিত নির্দেশনাসমূহ যথোপযুক্তভাবে প্রতিপালনে ব্যর্থ হন, তাহা হইলে কমিশন উক্ত ভোটার কর্তৃক প্রদত্ত ভোট বাতিল করিতে পারিবে।

(১৬) তথ্য প্রযুক্তির মাধ্যমে ভোট প্রদানের জন্য তথ্য প্রযুক্তি এইরূপ হইবে যাহাতে একটি ডেস্কটপ কম্পিউটার, ল্যাপটপ, এন্ড্রয়েড ফোন অথবা সমজাতীয় অন্য কোনো যন্ত্র হইতে কেবল একজন সদস্য তথ্য প্রযুক্তির মাধ্যমে ভোট প্রদান করিতে পারেন এবং এতদুদ্দেশ্যে ভোটারের মোবাইল ফোনে বা ইমেইলে যে ওয়ান টাইম পাসওয়ার্ড (ওটিপি) প্রদান করা হইবে তাহা ৩ (তিন) মিনিট কার্যকর থাকিবে।";

(৯) প্রবিধান ৩৩ এর পরিবর্তে নিম্নরূপ প্রবিধান ৩৩ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"৩৩। **নির্বাচনী বিধি-বিধান অমান্যের ক্ষেত্রে শৃঙ্খলামূলক ব্যবস্থা।**—(১) নির্বাচনে প্রতিদ্বন্দ্বী কোনো প্রার্থী যদি এই প্রবিধানমালায় বর্ণিত নির্বাচনী কোনো বিধি-বিধান লঙ্ঘন করেন অথবা নির্বাচনী অঙ্গীকারনামায় কোনো মিথ্যা তথ্য প্রদান করেন তাহা হইলে কমিশন প্রার্থীর নির্বাচনে প্রার্থিতা বাতিল করিতে পারিবে।

(২) ইনস্টিটিউটের কোনো সদস্য যদি এই প্রবিধানমালায় বর্ণিত নির্বাচনী কোনো বিধি-বিধান লঙ্ঘন করেন অথবা নির্বাচনী অঙ্গীকারনামায় কোনো মিথ্যা তথ্য প্রদান করেন তাহা হইলে কাউন্সিল তাহার বিরুদ্ধে উপযুক্ত শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।";

(১০) প্রবিধান ৪০ বিলুপ্ত হইবে;

(১১) প্রবিধান ৬২ এর উপ-প্রবিধান (৩) এ উল্লিখিত "কর্তৃক" শব্দের পর "৬০ (ষাট) দিনের মধ্যে" সংখ্যা, বন্ধনী এবং শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(১২) প্রবিধান ৬৩ এর উপ-প্রবিধান (৩) এ উল্লিখিত "২১ (একুশ)" সংখ্যা, বন্ধনী এবং শব্দের পরিবর্তে "৩০ (ত্রিশ)" সংখ্যা, বন্ধনী এবং শব্দ প্রতিস্থাপিত হইবে;

(১৩) প্রবিধান ৬৭ এ উল্লিখিত "২ (দুই)" সংখ্যা, বন্ধনী এবং শব্দের পরিবর্তে "১ (এক)" সংখ্যা, বন্ধনী এবং শব্দ প্রতিস্থাপিত হইবে;

(১৪) প্রবিধান ৯২ এর উপ-প্রবিধান (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-প্রবিধান (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(১) কাউন্সিল উহার সদস্যগণের বার্ষিক ফি, পেশা পরিচালনার ফিসহ সদস্যগণের উপর প্রযোজ্য অন্যান্য ফি ও চাঁদা নির্ধারণ করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, কাউন্সিল প্রয়োজন মনে করিলে সিনিয়র সিটিজেন সদস্যগণকে ফি প্রদান হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে।

**ব্যাখ্যা:** এই উপ-প্রবিধানের উদ্দেশ্যপূরণকল্পে, "সিনিয়র সিটিজেন" অর্থ ৬০ (ষাট) বৎসর বা তদূর্ধ্ব বয়সী কোনো সদস্য।";

(১৫) প্রবিধান ৯৮ এর পরিবর্তে নিম্নরূপ প্রবিধান ৯৮ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"৯৮। **পেশায় নিয়োজিত কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্ট এর অন্য ব্যবসায় বা পেশায় সম্পৃক্ত হইবার ক্ষেত্রে নিষেধাজ্ঞা।**—পেশায় নিয়োজিত কোনো সদস্য কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্টিং পেশার সহিত সাংঘর্ষিক অন্য কোনো ব্যবসা বা পেশায় জড়িত থাকিতে পারিবেন না।";

(১৬) প্রবিধান ১০৯ এর উপ-প্রবিধান (১) এ উল্লিখিত "অনধিক" শব্দটির পরিবর্তে "অন্যূন" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(১৭) তফসিল ২ এর দফা (ঢ়) এর নিম্নরূপ নূতন দফা (ঢ়ঢ়) সন্নিবেশিত হইবে, যথা:—

"(ঢ়ঢ়) প্রবিধান ২৩ এর উপ-প্রবিধান (১৬) এর বিষয়ে কোনো প্রশ্ন উত্থাপন করিয়া থাকেন অথবা কোনো প্রকার অডিট কার্যক্রমের দাবি করিয়া থাকেন।"।

ইনস্টিটিউটের আদেশক্রমে

**মোঃ মামুনুর রশিদ** এফসিএমএ
প্রেসিডেন্ট
ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস
অব বাংলাদেশ (আইসিএমবি)
আইসিএমএ ভবন, নীলক্ষেত, ঢাকা-১২০৫।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক, (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd